

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১৪২৫

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৪৬. তৃতীয় অনুচ্ছেদ - ভয়কালীন সালাত

আরবী

عَنْ أَبِي هُرَيْرَةَ: أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ نَزَلَ بَيْنَ ضَجْنَانَ وَعُسْفَانَ فَقَالَ الْمُشْرِكُونَ: لِهَوُّلَاءِ صَلَاةٌ هِيَ أَحَبُّ إِلَيْهِمْ مِنْ آبَائِهِمْ وَأَبْنَائِهِمْ وَهِيَ الْعَصْرُ فَأَجْمِعُوا الْمُشْرِكُونَ: لِهَوُّلَاءِ صَلَاةٌ هِيَ أَحَبُّ إِلَيْهِمْ مِنْ آبَائِهِمْ وَأَبْنَائِهِمْ وَهِيَ الْعَصْرُ فَأَجْمِعُوا أَمْرَكُمْ فَتَمِيلُوا عَلَيْهِ مَيْلَةً وَاحِدَةً وَإِنَّ جِبْرِيلَ أَتَى النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَأَمَرَهُ أَنْ يَقْسِمَ أَصِحَابَهُ شَطْرَيْنِ فَيُصَلِّيَ بِهِمْ وَتَقُومَ طَائِفَةٌ أُخْرَى وَرَاءَهُمْ وَلْيَأْخُذُوا حِذْرَهُمْ وَأَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ رَكْعَتَانِ. رَوَاهُ التِّرْمِذِيِ وَالنَّسَائِي

বাংলা

১৪২৫-[৬] আবৃ হ্রায়রাহ্ (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রস্লুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম একবার (জিহাদ করার লক্ষেয়) যাজনান ও 'উসফান নামক স্থানের মধ্যবর্তী স্থানে উপস্থিত হলেন। মুশরিকরা তখন বলাবলি করল। এ মুসলিম সম্প্রদায়ের এক সালাত আছে, যে সালাত তাদের নিকট তাদের মাতা-পিতা ও সন্তানসম্ভতি হতেও অধিক প্রিয়। আর সে সালাতটা হলো 'আসরের সালাত। তাই তোমরা দলবদ্ধ হও। এ 'আসরের সালাত আদায়ের সময় তাদের ওপর আক্রমণ করো। ঠিক এ সময় নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট জিবরীল (আঃ) আসলেন। তাকে হুকুম দিলেন। তিনি যেন তার সাথীদেরকে দু'ভাগে ভাগ করেন। একদলকে নিয়ে সালাত (সালাত/নামায/নামাজ) আদায় করবেন। আর অপর দলটি তাঁদের অপর দিকে শক্রুর মুকাবিলায় দাঁড়িয়ে থাকবেন অটুটভাবে। এমনকি সালাতেও যেন তারা সম্ভাব্য সতর্কতা ও অস্ত্রশন্ত্রে সজ্জিত থাকে। এতে তাদের সালাতও এক রাক্'আত হয়ে যাবে। আর রস্লুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম-এর হবে দু' রাক্'আত। (তিরমিয়ী, নাসায়ী)[1]

ফুটনোট

[1] সানাদটি হাসান: আত্ তিরমিয়ী ৩০৩৫, নাসায়ী ১৫৪৪, ইবনু হিব্বান ২৮৭২, আহমাদ ১০৭৬৫।



ব্যাখ্যা

ব্যাখ্যা: (نَزَلَ بَيْنَ صَبَحْنَانَ وَعَسُفَانَ) রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম (জিহাদের উদ্দেশে) যাজনান ও 'উসফান নামক স্থানের মধ্যবর্তী স্থলে উপস্থিত হলেন। যাজনান হল মক্কা ও মদীনার মধ্যবর্তী স্থান বা পাহাড়ের নাম। 'উসফান হল মক্কা হতে দু' মন্যীল দূরে।

وَ اللّهِ ﴿ وَكُفَةٌ وَلِرَسُولِ اللّهِ ﷺ رَكُفَةٌ وَلِرَسُولِ اللّهِ ﷺ رَكُفَتَانِ) এতে তাদের এক রাক্'আত হবে আর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর দু' রাক্'আত হবে। তিরমীয়া ও নাসায়ীতে এভাবে এসেছে, নাবা সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সাথে তাদের এক রাক্'আত হবে। আর অবশিষ্ট রাক্'আত তারা একা একা আদায় করে নেবে। অথবা তাদের সর্বসাকুল্যে এক রাক্'আতই হবে। কেননা এটা ভয়কালীন সালাতের বিশেষ বৈশিষ্ট্য।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন